

রাতভোর খেলা

রাতভোর খেলায় তুমি ব্যস্ত ছিলে

বাঘবন্দী খেলা রপ্ত করিনি  
জানিনা জলের অতল মৃত না জীবিত  
যেটুকু জেনেছি-- পথের ধুলো  
ওলোট-পালোট হলে  
আত্মহত্যা করে টহলদারী বিষণ্ণ মাল!

রাতভোর খেলায় ব্যস্ত তুমি  
জানতেও পারলে না  
মধ্যরাতে গাছেরাও অসংযমী হয়  
অরণ্য জুড়ে তখন শুধুই পাগল প্রেমের ছায়া!

কুশলকুমার বাগচী

